

## কমলো উড়োজাহাজের তেলের দাম

- A Monitor Desk Report

Date: 14 May, 2025



ঢাকাঃ উড়োজাহাজে ব্যবহৃত জ্বালানি তেল জেট ফ্যুয়েলের দাম কমানো হয়েছে। দেশের অভ্যন্তরীণ ফ্লাইটে প্রতি লিটারে ১১১ টাকা থেকে কমিয়ে ৯৩ টাকা ৫৭ পয়সা এবং আন্তর্জাতিক ফ্লাইটে প্রতি লিটার ০.৭৫০০ ডলার থেকে কমিয়ে ০.৬০৬৬ ডলার নির্ধারণ করা হয়েছে।

মঙ্গলবার (১৩ মে) নতুন এ দাম ঘোষণা করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)।

এছাড়া বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) মজুতকরণ ও বিপণন চার্জ প্রতি লিটার ৪.০৪ টাকা এবং জেট এ-১ (এভিয়েশন ফ্যুয়েল) বিপণনে পদ্মা অয়েল কোম্পানি লিমিটেডের বিপণন চার্জ প্রতি লিটার ০.৮৮ টাকা পুনর্নির্ধারণ করা হয়েছে। নতুন এই দর আজ (১৪ মে)রাত ১২টা থেকে কার্যকর হয়েছে। কমিশন অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য শুষ্ক ও মূসকসহ এবং আন্তর্জাতিক ফ্লাইটের জন্য শুষ্ক ও মূসকমুক্ত মূল্য নির্ধারণ করেছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন ২০০৩ অনুযায়ী, দেশি ও বিদেশি এয়ারলাইন্সগুলোর আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ডিউটি ফ্রি (শুষ্ক ও মূসকমুক্ত) এবং অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য শুষ্ক ও মূসকসহ জেট এ-১ (এভিয়েশন ফ্যুয়েল) এর মূল্যহার নির্ধারণের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) গত ২০ জানুয়ারি এবং বিপিসির প্রস্তাবের প্রেক্ষিতে পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (পিওসিএল) গত ১৮ ফেব্রুয়ারি জেট এ-১ বিপণনে তাদের বিপণন চার্জ পুনর্নির্ধারণের প্রস্তাব কমিশনে জমা দেয়।